মেট্রোয় ই-পাসে ছাড় প্রবীণদের

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : অফিস টাইমে ভিড় এড়িয়ে প্রবীণদের মেট্রোয় চড়ার পরামর্শ দিলেন মেট্রো কর্তৃপক্ষ। প্রবীণদের স্মার্ট কার্ড না থাকলেও চলবে। শুধু বয়সের প্রমাণ হিসেবে কোনও পরিচয়পত্র থাকলেই চলবে। বয়স্কদের অনেকে স্মার্ট ফোনে তেমন অভ্যস্ত না হওয়ায় ই-পাস পেতে তাঁদের সমস্যা হচ্ছিল। সোমবার মেট্রো চালু হওয়ার প্রথম দিন সোমবার এনিয়ে অনেকে অসুবিধার কথা জানান। তাঁদের অনেকের স্মার্ট ফোন নেই। কেউ বা আবার আদৌ টেকস্যাভি নন। ই-পাস সংগ্রহে তাঁদের সমস্যা হচ্ছিল। এই খবর জানার পর তাঁদের ছাড় ঘোষণা করলেন মেট্রো কর্তৃপক্ষ। তবে দিনের যেকোনও সময় প্রবীণদের এই সুবিধা মিলবে না। মঙ্গলবার মেট্রো কর্তৃপক্ষের তরফে বলা হয়, ভিড়ের মধ্যে সংক্রমণের ঝুঁকি এড়াতে প্রবীণদের অফিস টাইম বাদে অন্য সময়ে যাতায়াত করাই শ্রেয়। বেলা সাড়ে ১১টা থেকে বিকাল সাড়ে ৪টে পর্যন্ত তাঁরা ই-পাস ছাড়া যাতায়াত করতে পারবেন। স্মার্ট কার্ড ছাড়া সঙ্গে প্যান কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স বা পাসপোর্টের মতো কোনও পরিচয়পত্র থাকলেই চলবে।

১৭৬ দিন বন্ধ থাকার পর সোমবার মেট্রো চলাচল শুরু হওয়ায় হাঁফ ছেড়ে বেঁচেছেন কলকাতার অটোচালকরা। মেট্রো স্টেশনগুলি লাগোয়া অন্তত ৭০টি রুটের অটো এতদিন কার্যত বন্ধ ছিল। মাঝেমধ্যে দু-একটি রুটে সামান্য কিছু চললেও যাত্রীর অভাবে অধিকাংশ অটো চলেনি। আগের মতো যাত্রী না হলেও দীর্ঘদিন পর রোজগার শুরু হওয়ায় হাসি ফুটেছে তাঁদের মুখে। মেট্রো স্টেশনগুলিকে কেন্দ্র করে সর্বত্র কম পক্ষে ৬ থেকে ১০টি অটো রুট রয়েছে। একেকটি স্টেশনে সব মিলিয়ে ১০০-র বেশি

অটোচালকদের মুখে হাসি

অটোচালকের জীবন-জীবিকা মেট্রোর ওপর নির্ভরশীল। নোয়াপাড়ার মতো মেট্রো স্টেশন মূল রাস্তা থেকে অনেক ভিতরে। সেখানে যাওয়ার মূল সংযোগ অটো রুট। টবিন রোড, ডানলপ, বনহুগলি, অনন্যা সহ নানা স্টপেজ থেকে যাত্রীরা নোয়াপাড়া পৌঁছোন অটো ধরেই। আবার শোভাবাজার, গিরিশ পার্ক, এমজি রোড, যতীন দাস পার্ক, টালিগঞ্জ, নজরুল, গীতাঞ্জলির মতো বহু স্টেশনকে কেন্দ্র করে অজস্র অটো রুট তৈরি হয়েছে। একেকটি রুটে ১৫ থেকে ২০টি করে অটো চলাচল করত। মেট্রো বন্ধ থাকায় আনলক পর্বে এইসব রুটে মাত্র ৫-৬টি করে অটো চলেছে। বিশ্বকর্মা পুজোর আগে মেট্রো চালু হয়ে যাওয়ায় সুদিন দেখছেন তাঁরা।

সোনিকার মৃত্যুতে বিক্রমের নামে চার্জশিট

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : টলিউড মডেল সোনিকা সিং চৌহানের মৃত্যুর প্রায় সাড়ে তিন বছর পর গাড়ি দুর্ঘটনায় অনিচ্ছাকৃত খুনের চার্জশিট গঠন করার নির্দেশ দিলেন বিচারক। অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে চার্জ গঠন করে পুজোর পর থেকেই বিচারপ্রক্রিয়া শুরু হবে বলে মঙ্গলবার আলিপুর জেলা আদালতের ষষ্ঠ অতিরিক্ত জেলা জজ পুষ্পল শতপথি জানান। প্রাথমিকভাবে টালিগঞ্জ থানার পুলিশ গাফিলতির জেরে মৃত্যু বলে ভারতীয় দণ্ডবিধির ৩০৪-এ ধারায় মামলা দায়ের করেছিল। কিন্তু তদন্তের অগ্রগতির পরিপ্রেক্ষিতে পুলিশ বিক্রমের বিরুদ্ধে ৩০৪ (২) ধারায় অনিচ্ছাকৃত খুনের মামলা দায়ের করে। ২০১৭ সালের ২৯ এপ্রিল গভীর রাতে গাড়ি দুর্ঘটনার কবলে পড়েন সোনিকা এবং টলিউড অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়। রাসবিহারী অ্যাভিনিউয়ের একটি গয়নার দোকানের সামনের বাতিস্তম্ভে প্রবল বেগে ধাক্কা মারে বিক্রমের গাড়ি। তখন চালকের আসনে ছিলেন অভিনেতাই। পাশে বসা সোনিকাকে গুরুতর আহত অবস্থায় বিক্রমই বাইপাসের ধারের একটি বেসরকারি নার্সিংহোমে নিয়ে যান। তবে শেষরক্ষা হয়নি। তদন্তকারীদের বক্তব্য, কলকাতার রাস্তায় এত জোরে গাড়ি চালানোর মতো অবস্থা নেই জেনেও বেপরোয়াভাবে গাড়ি চালাচ্ছিলেন বিক্রম। তখন তিনি মদ্যপ ছিলেন বলেও অভিযোগ ওঠে। তাঁরা ফিরছিলেন একটি পার্টি থেকে। যদিও ঘটনার পরই বিক্রমের শারীরিক পরীক্ষা না হওয়ায় শরীরে অ্যালকোহল ছিল কি না, নিশ্চিত করতে পারেননি তদন্তকারীরা। সেইসঙ্গে ট্রামলাইনে চাকা আটকে যাওয়ার তথ্যও উঠে এসেছিল। তাই গাফিলতির অভিযোগ তুলে নেয় পুলিশ। ঘটনার পর বেশ কিছুদিন গা-ঢাকা দিয়েছিলেন বিক্রম। পরে নিজেই আত্মসমর্পণ করেন। বিক্রম কলকাতা হাইকোর্টের দ্বারস্থও হয়েছিলেন। তাঁর আইনজীবী অনির্বাণ গুহঠাকুরতা হাইকোর্টে বিক্রমের বিরুদ্ধে মামলা খারিজ করার আবেদন জানান। উচ্চ আদালত সেই মামলা ফের নিম্ন আদালতে ফিরিয়ে দেয়। উচ্চ আদালতের নির্দেশ অনুসারেই এদিন সরকারি আইনজীবী নবকুমার ঘোষ এবং বিক্রমের আইনজীবী অনির্বাণ গুহঠাকুরতার সওয়াল-জবাব শুনে চার্জশিট গঠনের নির্দেশ দেওয়া হয়।

স্কুল ফি'র জন্য কমিটি শিক্ষক-অভিভাবকদের

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : বেসরকারি স্কুলের অতিরিক্ত ফি ঠিক করবে শিক্ষক ও অভিভাবক প্রতিনিধিদের কমিটি। বেসরকারি স্কুলের ফি মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি মৌসুমি ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ মন্তব্য করেছে, প্রতিটি স্কুলের ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকদের আর্থসামাজিক অবস্থান এক নয়। সেক্ষেত্রে সার্বিকভাবে ফি কমানোর নির্দেশ কার্যকরী হওয়ার সম্ভাবনা প্রায় নেই। এই সমস্যা মেটাতে বিশেষ কমিটি গঠন করতে হবে স্কুলগুলিকে। কমিটিতে অন্তত তিনজন অভিভাবক প্রতিনিধি থাকবেন এবং স্কুলের তরফে প্রিন্সিপাল বা প্রধান শিক্ষক ছাড়াও তিনজন অভিজ্ঞ বা প্রবীণ শিক্ষক থাকবেন। অভিভাবক প্রতিনিধিদের কোনওভাবেই মনোনীত করা যাবে না। সব ক্লাসের পড়ুয়াদের অভিভাবকদের মধ্যে থেকে তিনজনকে লটারির মাধ্যমে নির্বাচন করতে হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুরঞ্জন দাসের নেতৃত্বে হাইকোর্ট আগে যে ২ সদস্যের কমিটি গঠন করেছিল, তার কাছে স্কুলগুলির আয়ব্যয় সংক্রান্ত সমস্ত তথ্য জমা দেওয়ার নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। সূত্রের খবর, যেসব স্কুল এখনও সেই তথ্য জমা দেয়নি, তাদের শীঘ্রই হিসাব জমা দিতে হবে। সেই হিসাব অভিভাবক প্রতিনিধিদের সামনে তুলে ধরবে ওই কমিটি। তারপরই সমস্ত বিষয় খতিয়ে দেখে শিক্ষক-অভিভাবক প্রতিনিধি কমিটি স্কুল ফি ঠিক করবে। যেসব স্কুল ইতিমধ্যে ফি কমিয়ে দিয়েছে, তাদের ওপর ফের ফি কমানোর জন্য অতিরিক্ত চাপ না দেওয়ার জন্য সতর্ক করেছে ডিভিশন বেঞ্চ। ফি কমানোর দাবিতে স্কুলের গেটের সামনে ধর্না বা বিক্ষোভ করা চলবে না বলেও নির্দেশ দেওয়া হয়েছে।

১৯৬টি অ্যাম্বুল্যান্সের বরাত দিল স্বাস্থ্য মিশন

করোনা রোগীদের খাবারের বরাদ্দ বাড়ল

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : খাবারের মান ও পরিমাণ নিয়ে অভিযোগ ওঠায় করোনা রোগীদের জন্য প্রাত্যহিক খাবারের বরাদ্দ ২৫ টাকা বাড়িয়ে দিল স্বাস্থ্য ভবন। এর আগে জুন মাসে অভিযোগ ওঠায় প্রাত্যহিক বরাদ্দ ১৫০ টাকা করা হয়েছিল। সারাদিনের খাবারের তালিকা নিরামিষ ও আমিষভোজীদের জন্য নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও আবারও অভিযোগ উঠতে থাকায় ও পুষ্টিতে খামতির অভিযোগ নজরে আসায় রাজ্য স্বাস্থ্য দপ্তর নতুন নির্দেশিকা জারি করে করোনা রোগীদের প্রাত্যহিক খাবারের বরাদ্দ ১৭৫ টাকা করার সিদ্ধান্ত নিয়েছে। নতুন নির্দেশিকা অনুযায়ী, আমিষভোজীদের ক্ষেত্রে সকালে ২টি বিস্কুটের সঙ্গে চা। ব্রেকফাস্টে ৪ পিস পাউরুটি, সেদ্ধ ডিম, একটি কলা ও ২৫০ গ্রাম দুধ। মধ্যাহ্নভোজে সরু চালের ভাত ১৫০ গ্রাম, ডাল ৫০ গ্রাম, মাছ বা মুরগির মাংস ৮০ থেকে ৯০ গ্রাম, শাকসবজি ১০০ গ্রাম ও দই ১০০ গ্রাম। সন্ধ্যায় ২টি বিস্কুটের সঙ্গে চা। রাতে ১০০ গ্রামের সরু চাল বা চাপাটি, ৫০ গ্রাম ডাল, মাছ বা মুরগির মাংস ১০০ গ্রাম ও শাকসবজি ৭৫ গ্রাম। নিরামিষ রোগীদের জন্য দুপুরে ও রাতে মাছ-মাংসের বদলে পনির, মাশরুম বা সয়াবিন ৮০ গ্রাম বরাদ্দ করা হয়েছে।

অ্যাম্বুলেন্সের ভাড়া বেঁধে দেওয়া নিয়ে সুপ্রিম কোর্টের সিদ্ধান্তে স্বাস্থ্য ভবন কার্যত দিশাহীন অবস্থায় রয়েছে। ফেব্রুয়ারি মাসে অ্যাম্বুল্যান্স নিয়ন্ত্রণে রাখতে দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাম্বুল্যান্স সার্ভিসেস বিল ২০১৯-এর খসড়া তৈরি করে স্বাস্থ্য ভবন। ওই আইনের আওতায় সমস্ত অ্যাম্বুল্যান্সকে এক ছাতার তলায় আনার প্রস্তাব ছিল। কিন্তু করোনা পরিস্থিতিতে আর বিল পাস করা সম্ভব হয়নি। এবার সেটিকে চূড়ান্ত রূপ দেওয়ার চিন্তাভাবনা চলছে। রাজ্যে মোট অ্যাম্বুল্যান্সের সংখ্যা কত, সে ব্যাপারে পরিষ্কার ছবি স্বাস্থ্য দপ্তরের কাছে নেই। এর মধ্যে স্বাস্থ্য দপ্তর আপাতত সরকারি অ্যাম্বুল্যান্সের সংখ্যা বাড়ানোর দিকে নজর দিচ্ছে। স্বাস্থ্য ভবন সূত্রে জানা গিয়েছে, রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধীনে বিভিন্ন হাসপাতালে ২৭০টি অ্যাম্বুল্যান্স রয়েছে। এর পাশাপাশি জাতীয় স্বাস্থ্য মিশনের আওতায় ৮০৪টি অ্যাম্বুল্যান্স কাজ করছে। এগুলিকে ১০২ অ্যাম্বুল্যান্স বলা হয়। এর বাইরেও বিভিন্ন পুরসভা, পুলিশ ও হাইওয়ে অথরিটির প্রচুর অ্যাম্বুল্যান্স রয়েছে। স্বাস্থ্য মিশন সূত্রে জানা গিয়েছে, নতুন করে ১৯৬টি অ্যাম্বুল্যান্সের বরাত দেওয়া হয়েছে। কয়েক মাসের মধ্যেই মিশনের অ্যাম্বুল্যান্সের সংখ্যা ১ হাজারে পৌঁছোবে। জেলাস্তরে এমএলএ ও এমপি তহবিল থেকে কেনা অ্যাম্বুল্যান্সের তালিকাও তৈরি করা হচ্ছে।

রাজ্যে করোনা চিকিৎসায় নতুন নিয়ম চালু করতে চলেছে স্বাস্থ্য ভবন। এতদিন চিকিৎসকরা বিভিন্ন হাসপাতালে অল্প সময়ের জন্য ডিউটি করতে যেতেন। ওই ক'দিন রোগীর অবস্থা বুঝে উঠতে না উঠতেই তাঁদের চলে যাওয়ার সময় হত। এজন্য এবার করোনা সংক্রামিতদের চিকিৎসার দায়িত্বে মেডিকেল কলেজ হাসপাতালগুলি থেকে তাঁরা বিভিন্ন কোভিড হাসপাতালে টানা একমাস ডিউটি করবেন। ৪২টি সরকারি কোভিড হাসপাতালে ডাক্তারের দল পাঠানো হবে। ওই দলে জেনারেল মেডিসিন বা চেস্ট মেডিসিন, অ্যানাস্থিজিওলজির শিক্ষক-চিকিৎসক আরএমও এবং সিনিয়ার রেসিডেন্টরা থাকবেন। একইভাবে জেলা হাসপাতালগুলিও এক মাসের জন্য সেখানকার কোভিড হাসপাতালগুলিতে ডাক্তারদের দল পাঠাবে। ডাক্তারদের থাকার ব্যবস্থা করবে সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ।

নতুন নির্দেশিকা

প্রাত্যহিক খাবারের বরাদ্দ ১৭৫ টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে

- আমিষভোজীদের ক্ষেত্রে সকালে ২টি বিস্কুটের সঙ্গে চা
- ব্রেকফাস্টে ৪ পিস পাউরুটি, সেদ্ধ ডিম, একটি কলা ও ২৫০ গ্রাম দুধ
- দুপুরে সরু চালের ভাত ১৫০ গ্রাম, ডাল ৫০ গ্রাম, মাছ বা মুরগির মাংস ৮০ – ৯০ গ্রাম, সবজি ১০০ গ্রাম ও দই ১০০ গ্রাম
- সন্ধ্যায় ২টি বিস্কুটের সঙ্গে চা
- রাতে ১০০ গ্রামের সরু চাল বা চাপাটি, ৫০ গ্রাম ডাল, মাছ বা মুরগির মাংস ১০০ গ্রাম ও শাকসবজি ৭৫ গ্রাম
- নিরামিষ রোগীদের জন্য দুপুরে ও রাতে মাছ-মাংসের বদলে পনির, মাশরুম বা সয়াবিন ৮০ গ্রাম বরাদ্দ করা হয়েছে
- প্রাত্যহিক খাবারের বরাদ্দ আরও ২৫ টাকা বাড়িয়ে দিল স্বাস্থ্য ভবন

মণ্ডপের পথে বিশ্বকর্মা। কলকাতায় রাজীব মণ্ডলের তোলা ছবি।

করোনায় প্রাণ গেল নৈহাটির বিধান রায়ের

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : করোনার বিরুদ্ধে প্রথমসারিতে থেকে লড়াই করা যোদ্ধাদের মৃত্যুর ঘটনা অব্যাহত রয়েছে। দিনকয়েক রোগভোগের পর করোনা সংক্রামিত সবং থানার সেকেন্ড অফিসার অতনু প্রামাণিক (৩৮) মারা গেলেন। পশ্চিম মেদিনীপুর জেলায় প্রথম কোনও পুলিশকর্মীর মৃত্যু হল। ৫ সেপ্টেম্বর অ্যান্টিজেন পরীক্ষায় তাঁর রিপোর্ট পজিটিভ আসে। জ্বর ও শ্বাসকষ্টের উপসর্গ থাকায় প্রথমে শালবনির করোনা লেভেল-৪ হাসপাতালে ভর্তি করা হলেও অবস্থার অবনতি হওয়ায় সোমবার তাঁকে কলকাতার বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানেই তাঁর মৃত্যু হয়। করোনা কেড়ে নিল 'নৈহাটির বিধান রায়' হিসেবে পরিচিত ডাক্তার হিরণ্ময় ভট্টাচার্যকে। মাত্র পাঁচ টাকার বিনিময়ে দুঃস্থদের চিকিৎসা করতেন তিনি। কাউকেই ফেরাতেন না। নিজে চেস্ট স্পেশালিস্ট হয়েও সাধারণ ডাক্তার হিসেবেই গরিব মানুষের চিকিৎসা করে যেতেন তিনি। ক'দিন ধরে করোনার উপসর্গ নিয়ে ভোগার পর বেলঘরিয়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হন তিনি। কিন্তু তাঁর অবস্থা সংকটজনক হয়ে ওঠে। সোমবার রাত সাড়ে ১০টা নাগাদ পরপর দু'বার হার্ট অ্যাটাকে মৃত্যু হয় ৫৭ বছর বয়সি এই চিকিৎসকের। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক প্রাক্তন ডিন শুভাশিস বিশ্বাস মঙ্গলবার সকালে মারা যান। করোনা সংক্রামিত হয়ে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন তিনি।

> সিপিএমের রাজ্য সম্পাদক সূর্যকান্ত মিশ্রর স্ত্রী ঊষা মিশ্র করোনা সংক্রামিত হয়ে এদিন বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি হন। কিছুদিন ধরেই তাঁর করোনার উপসর্গ দেখা গিয়েছিল। পরীক্ষা করানো হলে রিপোর্ট পজিটিভ আসে।

এদিকে, একের পর এক সংক্রমণ ও মৃত্যুমিছিল চললেও এখনও সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতার যথেষ্টই অভাব দেখা যাচ্ছে। পূর্ব মেদিনীপুরের এক তৃণমূল নেতা করোনা জয় করে ঘরে ফেরার পর তাঁকে সংবর্ধনা দিতে সামাজিক দূরত্ববিধি শিকেয় ওঠে। কাঁথি দেশপ্রাণ ব্লকের তৃণমূল সভাপতি তরুণ জানা সুস্থ হয়ে ফেরায় তাঁকে স্বাগত জানাতে মঞ্চ তৈরি করা হয়। ১০ ফুট লম্বা তেরঙা ফুলের মালা দিয়ে তাঁকে সংবর্ধনা জানানো হয়। হাজারদুয়েক মানুষ সেখানে ভিড় জমান। বিজেপির অভিযোগ, সরকারি দল বিধিনিষেধ না মেনে যা খুশি তাই করলেও স্বাস্থ্যবিধি মেনে বিজেপিকে দলীয় সভা বা কর্মসূচি করতে দেওয়া হচ্ছে না।

রাজ্যে সামগ্রিকভাবে সুস্থতার হার অনেকখানি বেড়ে গেলেও সংক্রমণের গতিতে তেমন হেরফের হয়নি। মঙ্গলবার স্বাস্থ্য ভবন প্রকাশিত বুলেটিন অনুযায়ী ২৪ ঘণ্টায় সংক্রামিত হয়েছেন ৩,২২৭ জন। এর ফলে রাজ্যে মোট সংক্রামিতের সংখ্যা দাঁড়াল ২,০৯,১৪৬। ২৪ ঘণ্টায় রাজ্যে মৃত্যু হয়েছে ৫৯ জনের। অর্থাৎ রাজ্যে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়াল ৪,০৬২। ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২,৯১৯ জন। রাজ্যে মোট সুস্থ হওয়া লোকের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১,৮১,১৪২। সুস্থতার হার বেড়ে ৮৬.৬১ শতাংশে পৌঁছেছে। রাজ্যে এই মুহূর্তে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ২৩,৯৪২। মৃত্যুর সংখ্যাতেও উত্তর ২৪ পরগনা কলকাতাকে পিছনে ফেলেছে।

শিক্ষিকার বিয়েতে বই ও চারা বিতরণ

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : কে বলল বিয়ে মানেই বিপুল কেনাকাটা, আর এলাহি খাওয়াদাওয়া? বিয়ে উপলক্ষ্যে সমাজের জন্য কিছু কাজ করে দৃষ্টান্ত তৈরি করা যেতে পারে। সেই পথে হাঁটলেন নদিয়া জেলার ধুবুলিয়ার বাসিন্দা শিক্ষিকা নুরজাহান খাতুন। পূর্ব মেদিনীপুরের এক উচ্চমাধ্যমিক স্কুলের এই শিক্ষিকা বিয়ের আগের দিন স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করেছিলেন। বই বিতরণ করেছেন ছাত্রছাত্রীদের মধ্যে। মঙ্গলবার তাঁর বিয়ে হল। এদিন তাঁর পরিবারের তরফে বহু মানুষের হাতে তুলে দেওয়া হল গাছের চারা। শিক্ষাই আলো জ্বেলে দূর করে যাবতীয় নেতিবাচকতা। শুধু ক্লাসের পড়াশোনা নয়, প্রকৃত শিক্ষা মানুষকে নিয়ে যায় উত্তরণের পথে। ছোটবেলা থেকে এই লক্ষ্যকে ধ্যানজ্ঞান করেছিলেন নুরজাহান। স্কুলে দর্শন পড়ান তিনি। শুধু বিষয় হিসেবে দর্শনে সীমাবদ্ধ না থেকে জীবন দর্শনের পাঠে সমৃদ্ধ ২৮ বছরের এই তরুণী তাঁর বাবা রুস্তম আলি শেখকে মনের ইচ্ছার কথা জানিয়েছিলেন। সবটাই অক্ষরে অক্ষরে পালিত হয়েছে। তাঁর বর মুর্শিদাবাদের অবিদুর রহমানও পেশায় শিক্ষক। শিক্ষক মানে সমাজের কারিগর। মা ও বাবার পর শিশুর ভবিষ্যৎ গঠনে তাঁদের ভূমিকা অনস্বীকার্য।

নুরজাহান বলেন, 'শুনেছিলাম, ব্লাড ব্যাংকে রক্ত নেই। রক্তের জরুরি প্রয়োজনে মানুষ কী করবেন? তাই রক্তদানের এই ক্ষুদ্র আয়োজন।' আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব মিলিয়ে সোমবার ৩২ জন স্বেচ্ছায় রক্ত দিয়েছেন। রক্তদানের পর বই বিতরণ করা হয়েছে। আবিদুর রহমান জানিয়েছেন, মঙ্গলবার বিয়ে হয়ে যাওয়ার পর গাছের চারা বিতরণ করা হবে। কৃষ্ণনগরের বিডিও অরিন্দম বিশ্বাস নুরজাহানের মহৎ ইচ্ছার প্রশংসায় পঞ্চমুখ। বই বিতরণের অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন তিনি। বিয়ের আনন্দে মশগুল মেয়েরা সাধারণত মেতে ওঠেন কেনাকাটায়। প্রসাধনী, অলংকার, শাড়ির সম্ভারের সঙ্গে বিয়ের লেটেস্ট ফ্যাশনের খোঁজে নেমে পড়েন তন্বীরা। একবিংশ শতকে স্বচ্ছল পরিবারে এটা অস্বাভাবিক বলেও মনে করেন না অনেকে। কিন্তু সময়টা যে মহামারির কবজায়। রক্তের অভাবে কত মানুষ চিকিৎসা পাচ্ছেন না। করোনা সংক্রামিতরাও এই তালিকায় আছেন। সেসমস্ত ভেবে প্রকৃত রাস্তাটি দেখিয়ে দিলেন নুরজাহান।

মঙ্গলবার গড়িয়াহাট বাজারে ইলিশের পসরা সাজিয়ে বিক্রেতা। – কৌশিক দত্ত

বিজেপির সাহায্য

ছাতনা, ১৫ সেপ্টেম্বর : বাঁকুড়া জেলায় যেসব করোনা সংক্রামিতকে ছাতনা ব্লকের শুশুনিয়া পাহাড়তলির যুব আবাসে কোয়ারান্টিন করে রাখা হয়েছে, তাঁদের মনোবল বাড়াতে পাশে দাঁড়াল বিজেপির কিষান মোর্চার বাঁকুড়া জেলা কমিটির স্বেচ্ছাসেবক বাহিনী। মঙ্গলবার সংগঠনের রাজ্য কমিটির সদস্য জীবন চক্রবর্তী তাঁদের স্বেচ্ছাসেবক বাহিনী নিয়ে যুব আবাসে গিয়ে ২১ জন সংক্রামিতকে দুধের প্যাকেট, হলুদ, কলা, লেবু প্রভৃতি দেন। জীবন চক্রবর্তী বলেন, '১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭০তম জন্মদিন। সেই উপলক্ষ্যে বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা ঘোষণা করেছেন, প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানাতে এবং প্রধামন্ত্রীকে সম্মান জানাতে ১৪-২০ সেপ্টেম্বর সপ্তাহব্যাপী 'সেবা সপ্তাহ' পালনে উদ্যোগী হয়েছে দল। দেশের মানুষের জন্য ৭০ রকমের পরিষেবা দেওয়ার নির্দেশ দিয়েছে। রোগী পরিষেবা, দুঃস্থ পড়ুয়াদের শিক্ষা সরঞ্জাম দেওয়া, গরিব মানুষকে নতুন বস্ত্রদান প্রভৃতি। কিষান মোর্চার বাঁকুড়া জেলা সংগঠন সিদ্ধান্ত নিয়েছে করোনা সংক্রামিতদের পাশে দাঁড়িয়ে তাঁদের মনোবল বাড়াতে।'

মহিলাদের সুরক্ষায় মার্শাল আর্ট প্রশিক্ষণ

কলকাতা, ১৫ সেপ্টেম্বর (সংবাদ) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের মহিলাদের জন্য একের পর এক সুবিধাজনক প্রকল্প উপহার দিচ্ছেন। তাই প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে এই রাজ্যের মহিলাদের আত্মরক্ষার প্রশিক্ষণ দিতে ময়দানে নামছে বিজেপি মহিলা মোর্চা। রাজ্যজুড়ে তারা যে সুরক্ষা প্রশিক্ষণের কর্মশালা বা প্রশিক্ষণ শিবিরের আয়োজন করেছে তার নাম উমা। এদিন বিজেপি রাজ্য দপ্তরে এক সাংবাদিক বৈঠকে বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী অগ্নিমিত্রা পল আনুষ্ঠানিকভাবে এই প্রকল্পের সূচনা করলেন। তিনি বলেন, এই মার্শাল আর্টের প্রথম প্রশিক্ষণ শুরু হবে কলকাতায় ২ অক্টোবর। তাঁরা তাঁদের প্রতিটি সাংগঠনিক জেলায় ৫০ জন করে মহিলাদের ওই প্রশিক্ষণ দেবেন বলেও জানান তিনি। এদিন তিনি অভিযোগ করেন, রাজ্য সরকার নারীদের সুরক্ষায় চিন্তিত নয়। প্রতিদিনই কোনও না কোনও মহিলা নির্যাতিত হচ্ছেন। তাই রাজ্যের মহিলাদের সুরক্ষা দেওয়ার ব্যাপারে তাঁরা এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। অপরদিকে, গতকাল রাতে সাংসদ অভিনেত্রী মিমি চক্রবর্তীর ওপর ঘটে যাওয়া ঘটনা নিয়ে তিনি সাধুবাদ জানান মিমি চক্রবর্তীকে। তিনি বলেন, মিমিদেবী যে দলই করুক না কেন, সর্বোপরি তিনি একজন মহিলা। সুতরাং তাঁর ওপর হামলার প্রতিবাদ তিনি করেছেন। তাই তাকে তিনি সাধুবাদ জানান।

মহালয়ায় 'শহিদ' তর্পণ বিজেপির

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৫ সেপ্টেম্বর : বিজেপি রাজ্য নেতারা এবারও মহালয়ায় 'শহিদ' –দের স্মৃতিতে তর্পণ করবেন। এদিন দলের পক্ষে বাবুঘাটে এর প্রস্তুতি খতিয়ে দেখেন তাঁরা। তবে সংসদ চলায় রাজ্য সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ এবার এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন না। করোনায় স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে এই তর্পণ অনুষ্ঠিত হয়। বিজেপির জাতীয় স্তরের নেতা কৈলাস বিজয়বর্গীয় ও অরবিন্দ মেনন এবার কলকাতায় তর্পণ করবেন। সঙ্গে মুকুল রায়, রাহুল সিনহা থাকার কথা। করোনা প্রেক্ষিতে এবার শুধু দক্ষিণবঙ্গে 'শহিদ' পরিবারদের নিয়ে তর্পণ হবে। ২২টি পরিবারকে এর জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। রাজ্যে গেরুয়া শিবিরের উত্থানে বহু বিজেপি কর্মী খুন হয়েছেন। অভিযোগের তির শাসক তণমূলের দিকে। গতবার দলের শীর্ষ নেতা জেপি নাড্ডা রাজ্যে মহালয়ায় শহিদ তর্পণ করেছিলেন। সঙ্গে ৮০ জন শহিদ পরিবারের প্রতিনিধিরা অংশ নেন।

আত্মঘাতী ছাত্রী

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : আমহার্স্ট স্ট্রিটের বহুতল পুলিশ আবাসনের বারান্দা থেকে ঝাঁপ দিয়ে এদিন আত্মঘাতী হয় এক বছর ১৩-র কিশোরী। একটি ইংরেজি মাধ্যম স্কুলের সপ্তম শ্রেণির ছাত্রী অদ্রিজা মণ্ডলকে আবাসনের নীচে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। কলকাতা পুলিশের লালবাজারের কম্পিউটার সেলে কর্মরত অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেকটরের মেয়ের রহস্য মৃত্যুতে তদন্তে নামে আমহার্স্ট থানার পুলিশ। তদন্তকারীরা জানান, কিশোরীর হাতে লেখা একটি চিরকুট পেয়েছেন তাঁরা। যেখানে লেখা 'আমি আইপিএস হতে চেয়েছিলাম। কিন্তু বর্তমানে পরীক্ষার ফল ভালো হয়নি। তাই মৃত্যুর পথ বেছে নিচ্ছি।' তদন্তকারীদের প্রাথমিক অনুমান, পরীক্ষায় আশানুরূপ ফল না হওয়াতেই মানসিক অবসাদে আত্মঘাতী হয়েছে ছাত্রীটি।

নিউ নর্মালে দুর্গাপুজোয় ভোগের আনন্দ মেটাবে অ্যাপ

পুলকেশ ঘোষ

কলকাতা, ১৫ সেপ্টেম্বর : পুজোয় বেড়ানো না হয় নাই হল, তাই বলে ভোগ খাওয়া থেকেও কি বঞ্চিত হবে বাঙালি? করোনা সংক্রমণের ভয়ে আসন্ন দুর্গোৎসব আয়োজনে নানা বিধিনিষেধের কথা বলা হচ্ছে। ভিড় করে আর অঞ্জলিও হয়তো দেওয়া হবে না। দল বেঁধে প্যান্ডেলে ভিড় করে আড্ডাও হয়তো নানা নিষেধাজ্ঞার জালে পড়বে। পুজোয় ভোগ দেওয়া এবং পরে একসঙ্গে বসে খাওয়া বাঙালি সংস্কৃতির অঙ্গই হয়ে গিয়েছে। পুজোর ক'দিন প্যান্ডেলে একসঙ্গে ভোগগ্রহণ চলে মহানন্দে। সপ্তমী থেকে নবমী পর্যন্ত অনেক পাড়ায় একসঙ্গে বসে ভোগ খাওয়ার রীতি দীর্ঘদিনের। বহু জায়গায় পুজোর আয়োজকরাও ভোগ বিতরণ করেন। পাড়ার লোকেরা মনে করলে বাড়িতে নিয়ে গিয়েও খেতে পারেন। করোনা আবহে সৃষ্ট নিউ নর্মাল পরিস্থিতি পুজো দেখার পাশাপাশি ভোগগ্রহণ নিয়েও আশঙ্কার মেঘ তৈরি করেছে। ইতিমধ্যে জানা গিয়েছে, প্রায় সব পুজো কমিটি এবছর কাটা ফল প্রসাদে না দেওয়ার সিদ্ধান্ত জানিয়েছে। দিলে গোটা ফল দেওয়া হবে। ভোগ বিতরণ আদৌ সম্ভব হবে কি না, তা নিয়ে সবাই এখন চিন্তায়।

একডালিয়া এভারগ্রিন ক্লাবের দীর্ঘদিনের মূল আয়োজক তথা রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় তো জানিয়েই দিয়েছেন, বসে খাওয়ার পাট এবার আর থাকবে না। অন্য পুজো কমিটিগুলিও ভোগ বিতরণে ভিড় এড়